১১ জুলাই, ২০২৬

# ঢাকা মেডিকেল কলেজের প্রতিষ্ঠাবার্ষিকীতে যোগ দিলেন প্রধানমন্ত্রী



ছবি: সংগৃহীত

ঢাকা মেডিকেল কলেজের (ঢামেক) ৮১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অংশ নিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শনিবার (১১ জুলাই) সকালে তিনি ঢাকা মেডিকেল কলেজ ক্যাম্পাসে পৌঁছালে তাকে স্বাগত জানান শিক্ষক, শিক্ষার্থী ও সংশ্লিষ্ট কর্মকর্তারা।

অনুষ্ঠানের আনুষ্ঠানিক সূচনা উপলক্ষে প্রধানমন্ত্রী বেলুন ও শান্তির প্রতীক কবুতর উড়িয়ে কর্মসূচির উদ্বোধন করেন। তার আগমনকে কেন্দ্র করে সকাল থেকেই ক্যাম্পাসজুড়ে উৎসব ও উদ্দীপনার আবহ তৈরি হয়।

এ সময় স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন হোস্টেল উন্নয়ন প্রকল্পের অংশ হিসেবে ঢামেকে নির্মাণাধীন দুটি ছাত্রী হোস্টেলের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন তিনি।

পরে শহীদ ডা. মিলন অডিটোরিয়াম সংলগ্ন এলাকায় একটি গাছের চারা রোপণের মাধ্যমে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন প্রধানমন্ত্রী।

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত 'বাংলাদেশের স্বাস্থ্য ব্যবস্থার আধুনিকায়নে ডিএমসিয়ানদের ভাবনা' শীর্ষক উন্মুক্ত আলোচনা অনুষ্ঠানেও অংশ নেন তিনি। অনুষ্ঠানে দেশের স্বাস্থ্য খাতের উন্নয়ন ও আধুনিকায়ন বিষয়ে বিভিন্ন পরিকল্পনা ও উদ্যোগ নিয়ে আলোচনা হওয়ার কথা রয়েছে।

এ সময় প্রধানমন্ত্রীর সহধর্মিণী ও ঢাকা মেডিকেল কলেজের সাবেক শিক্ষার্থী ডা. জোবাইদা রহমানও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।